

# রাশিয়ার ভেলিকি নভগোরোডে ভারতীয় ছাত্রদের মৃত্যু

জুন 07, 2024

রাশিয়ার ভেলিকি নভগোরোডে অবস্থিত ইয়ারোস্লাভ-দ্য-ওয়াইজ নভগোরড স্টেট ইউনিভার্সিটিতে অধ্যয়নরত চার ভারতীয় ছাত্র ভলখভ নদীতে একটি দুর্ভাগ্যজনক ঘটনায় ডুবে মারা গেছে। এই ঘটনায়, একজন পঞ্চম ভারতীয় ছাত্রকে ডুবে যাওয়া থেকে রক্ষা করা হয়েছে এবং বর্তমানে তিনি চিকিৎসা নিচ্ছেন।

সেন্ট পিটার্সবার্গে আমাদের কনস্যুলেট বিশ্ববিদ্যালয় এবং স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখছে এবং সম্ভাব্য সকল সহায়তা প্রদান করছে। স্থানীয় জরুরি পরিষেবাগুলি এখনও পর্যন্ত ভলখভ নদী থেকে দুটি মৃতদেহ উদ্ধার করেছে। আমরা পরিবারের প্রতি আমাদের সমবেদনা জানাই। নিখোঁজ বাকি দুই শিক্ষার্থীর খোঁজে তল্লাশি অব্যাহত রয়েছে। দুর্ঘটনায় জড়িত পাঁচ শিক্ষার্থী মহারাষ্ট্রের জলগাঁও জেলার বাসিন্দা।

সেন্ট পিটার্সবার্গে আমাদের কনস্যুলেট মৃতদেহের প্রত্যাবাসনের জন্য স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করছে। কনস্যুলেট মহারাষ্ট্রের জলগাঁওয়ে পরিবার এবং জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখেছে।

নতুন দিল্লি

জুন 07, 2024